গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রকল্প শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১২.১৪.০০৫.১৯.১১১

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৬
২৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভার কার্যবিবরণী

গত ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ সোমবার সকাল ১১:০০ টায় এ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে (কক্ষ নম্বর: ২২, ভবন নম্বর :০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদসংঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

KPM FYI please. Store please. 1/10/2019

সংযুক্ত: কার্যবিবরণী ০৪ (চার) পাতা।

৩০/৯/১৯
মুন্না রাণী বিশ্বাস
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৭১০৪০
ই-মেইল: pro_sec@cabinet.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকল্প পরিচালক, প্ল্যাটফর্ম ফর ডায়লগ-স্ট্রেনদেনিং ইনক্লুজন এন্ড পার্টিসিপেশন ইন ডিসিশন মেকিং এন্ড অ্যাকাউন্টেবিলিটি মেক্যানিজমস্ ইন বাংলাদেশ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, প্রোমোটিং নিউট্রিশন সেনসেটিভ সোশ্যাল সিকিউরিটি প্রোগ্রামস (পিএনএসএসএসপি), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, সাপোর্ট টু দ্যা সেন্ট্রাল ম্যানেজমেন্ট কমিটি (সিএমসি) পলিসি গাইডেন্স অন চাইল্ড কম্পোনেন্ট অফ দ্যা এনএসএসএস, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, সোস্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক, ক্যাপাসিটি ডেভলপমেন্ট অব দ্যা কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড অ্যাডমিনিস্ট্রেশন, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

C:\Users\User\Desktop\Sultana Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রকল্প শাখা
www.cabinet.gov.bd

মন্ত্রিপরিষদ বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা
সভার কার্যবিবরণী

সভাপতি	: শেখ মুজিবুর রহমান এনডিসি, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
সভার তারিখ ও সময়	: ২৩ সেপ্টেম্বর ২০১৯; সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান	: কক্ষ ২২, ভবন ০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

০১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব, প্রকল্প ও গবেষণা অধিশাখা সভাকে অবহিত করেন যে ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগে নিম্নোক্ত পাঁচটি প্রকল্প চলমান রয়েছে:

১) প্ল্যাটফর্ম ফর ডায়লগ স্ট্রেনদেনিং ইনক্লুজন এন্ড পার্টিসিপেশন ইন ডিসিশন মেকিং এন্ড- অ্যাকাউন্টেবিলিটি মেক্যানিজমস্ ইন বাংলাদেশ;
২) প্রোমোটিং নিউট্রিশন সেনসেটিভ সোশ্যাল সিকিউরিটি প্রোগ্রামস (পিএনএসএসপি);
৩) সাপোর্ট টু দ্যা সেন্ট্রাল ম্যানেজমেন্ট কমিটি পলিসি (সিএমসি)গাইডেন্স অন চাইল্ড কম্পোনেন্ট অব দ্যা এনএসএসএস;
৪) সোস্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম; এবং
৫) ক্যাপাসিটি ডেভলপমেন্ট অব দ্যা কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড অ্যাডমিনিস্ট্রেশন।

তিনি কার্যসূচি অনুযায়ী প্রতিটি প্রকল্প থেকে একজনকে তাঁর প্রকল্পের বিষয়ে সংক্ষিপ্ত উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

০২। প্রথমে প্লাটফর্ম ফর ডায়লগ-স্ট্রেনদেনিং ইনক্লুজন এন্ড পার্টিসিপেশন ইন ডিসিশন মেকিং এন্ড অ্যাকাউন্টেবিলিটি মেক্যানিজমস্ ইন বাংলাদেশ প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক (মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব মোঃ মখলেছুর রহমান) উক্ত প্রকল্পের সারসংক্ষেপ এবং অগ্রগতির তথ্য তুলে ধরেন। তিনি জানান যে , উক্ত প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে গণতান্ত্রিক ব্যবস্থাকে শক্তিশালী করা এবং স্থানীয় পর্যায়ে Civil Society Organizations (CSO)-কে শক্তিশালী করা। এ লক্ষ্যে ২১টি জেলায় ১৮০টি CSO-কে নির্বাচন করা হয়েছে এবং তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়ছে। এছাড়া দেশের ৮টি বিভাগে ৯০০ জন অংশগ্রহণকারীর উপস্থিতিতে Inclusive Governance and Social Accountability (IGSA) বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে। তন্মধ্যে ঢাকা ও রংপুরে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি আশানুরূপ না হওয়ার বিষয়ে জানানো হয় যে ১০০ জন কর্মকর্তার বৈদেশিক উচ্চতর প্রশিক্ষণের বিষয়ে প্রকল্প প্রস্তাবে উল্লেখ রয়েছে কিন্তু বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরে বিলম্ব হওয়ায় অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন হয়নি বিধায় সম্ভাব্য অর্থ ব্যয় হয়নি। আলোচনা ও উপস্থাপনা শেষে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন যে প্রকল্পের অগ্রগতি Matrix আকারে এবং উপস্থাপনা বুলেট পয়েন্টে হওয়া প্রয়োজন। উপস্থিত সকলে এ বিষয়ে সহমত প্রকাশ করেন।

০৩। এরপর প্রোমোটিং নিউট্রিশন সেনসেটিভ সোশ্যাল সিকিউরিটি প্রোগ্রামস (পিএনএসএসপি) প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব চৌধুরী মোয়াজ্জেম আহমদ) জানান যে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত Central Management Committee (CMC)-কে কারিগরি সহায়তা প্রদান এবং খাদ্য নিরাপত্তা ও পুষ্টি বিষয়ে আন্তমন্ত্রণালয় সমন্বয়সাধনের লক্ষ্যে প্রকল্পটি গৃহীত হয়েছে। প্রকল্পের কার্যক্রম হিসাবে এ অর্থ বছরে Fill in the Nutrition Gap Analysis; Orientation on Nutrition Aspects; Commercially Fortified Rice এবং Nutrition Selected TVC and Campaign গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে Fill in the Nutrition Gap Analysis-এর সেকেন্ডারি ডাটার উপর ভিত্তি করে Study করা হয়েছে যার মধ্যে ৩টি Technical Working Group-এর সভা হয়েছে। সভাপতি আলোচনান্তে মন্তব্য করেন যে উপস্থাপনার শুরুতে প্রকল্পের সার-সংক্ষেপ থাকবে এবং প্রতি ত্রৈমাসিক ভিত্তিক গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি উত্থাপন করতে হবে।

০৪। সাপোর্ট টু দ্যা সেন্ট্রাল ম্যানেজমেন্ট কমিটি (সিএমসি) পলিসি গাইডেন্স অন চাইল্ড কম্পোনেন্ট অব এনএসএসএস প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক (মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম) জানান যে শিশুদের

অপর পাতায় দ্রষ্টব্য

সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে যারা কাজ করেন তাদের Policy Support দেওয়ার জন্য প্রকল্পটি গৃহীত হয়েছে। এ লক্ষ্যে এ বিভাগে Policy Guidance Unit for Child-focused Social Protection (PGU-CSP) চালু করা হয়েছে। এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উত্তম চর্চাসমূহকে মূল্যায়ন, পাইলট ও উন্নীত করাও এ প্রকল্পের উদ্দেশ্য। শিশুদের নিয়ে ১৫টিরও অধিক মন্ত্রণালয়/বিভাগ কাজ করে; তাদের সমন্বয়সাধনের কাজও এ প্রকল্প থেকে করা হয়ে থাকে।

০৫। উপস্থাপনা শেষে আলোচনাকালে জানানো হয় যে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণে নির্ধারিত সময়ে প্রকল্পের ধার্যকৃত কার্যাবলি সম্পাদন করা সম্ভব হয়নি ও অর্থ ব্যয় হয়নি। সভাপতি উক্ত প্রকল্পের উপস্থাপনার ওপর সন্তোষ প্রকাশ করেন এবং স্লাইডে বুলেট পয়েন্ট ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করেন।

০৬। ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব দ্যা কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড অ্যাডমিনিস্ট্রেশন প্রকল্পের প্রকল্প পরিচালক (মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ খলিলুর রহমান) সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগের ও মাঠ প্রশাসনের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্পটি গৃহীত হয়েছে। ২৬টি সূচকের ওপর ভিত্তি করে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মাঠ প্রশাসনের কর্মকর্তাদের মনোনয়ন প্রদান করেন। তিনি জানান যে প্রতি ব্যাচে ২৫ জন কর্মকর্তার (মন্ত্রিপরিষদ বিভাগের ৫ জন, মাঠ প্রশাসনের ২০ জন) বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণের উল্লেখ রয়েছে; কিন্তু প্রকল্প প্রস্তাবে প্রতি ব্যাচের জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা ৩০ জন কর্মকর্তা প্রেরণ করা সম্ভব হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে কোয়ার্টার ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি উক্ত প্রকল্পের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

০৭। অতঃপর সোস্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রামের প্রকল্প পরিচালক (পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের যুগ্ম প্রধান জনাব মোঃ ফয়জুল ইসলাম) সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সাধারণ অর্থনীতি বিভাগের যৌথ উদ্যোগে ইউএনডিপির কারিগরি ও আর্থিক সহায়তায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি জুন ২০২০-এ সমাপ্ত হবে এবং আর্থিক অগ্রগতি ৯২ শতাংশ। এ অর্থবছরে গৃহীত কার্যক্রমগুলো পরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে।

০৮। প্রকল্পের অগ্রগতির বিষয়ে আলোচনাকালে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে যেসব কার্যক্রমে পিছিয়ে আছে সকল প্রকল্পের ক্ষেত্রে তা expedite করতে হবে। প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সভা প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে তৃতীয় মাসের দ্বিতীয়াংশে অনুষ্ঠিত হবে। এছাড়া তিনি অভিমত প্রকাশ করেন যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে গত পাঁচ বছরে যে সকল কর্মকর্তার দক্ষতা বৃদ্ধিমূলক বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে তাদের কত শতাংশ প্রতিবেদন জমা হয়েছে এবং Learning Points কত শতাংশ replicate করা হয়েছে – এ বিষয়ে তথ্য গ্রহণের জন্য একটি ছোট আকারে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বিষয়টি এ বিভাগের পরবর্তী সমন্বয় সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করেন।

৯। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) প্রকল্পসমূহের উপস্থাপনার ক্ষেত্রে প্রথমে প্রকল্পের সার-সংক্ষেপ এবং ত্রৈমাসিক ভিত্তিতে পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে সম্পাদিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে;

২) প্রকল্পের অগ্রগতি Matrix আকারে এবং উপস্থাপনা বুলেট পয়েন্টে করতে হবে;

৩) প্রকল্পের যে সকল কার্যক্রম পিছিয়ে আছে তা expedite করতে হবে;

৪) প্রতি ত্রৈমাসিকের শেষ মাসের দ্বিতীয়াংশে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক সভা আহবান করতে হবে; এবং

৫) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে গত পাঁচ বছরে যে সকল কর্মকর্তার দক্ষতা বৃদ্ধিমূলক বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে –তাদের কত শতাংশ প্রতিবেদন জমা হয়েছে এবং Learning Points কত শতাংশ replicate হয়েছে – সে তথ্য বিশ্লেষণের জন্য একটি ছোট আকারে প্রকল্প গ্রহণ করার বিষয়টি এ বিভাগের পরবর্তী সমন্বয় সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ মুজিবুর রহমান এনডিসি)
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদবিভাগ

পরিশিষ্ট – ক

মন্ত্রিপরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা

সভাপতি: জনাব শেখ মুজিবুর রহমান, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৯
সময়: ১১.০০ ঘটিকা
স্থান: কক্ষ নং: ২২, ভবন: ২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

উপস্থিতির তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রম	নাম ও পদবি	প্রকল্প/দপ্তর	ফোন নম্বর/মোবাইল নম্বর/ ই-মেইল	স্বাক্ষর
০১.	আলতাফ আহমদ অতিরিক্ত সচিব	P4D	০১৮১৮৬৯৫১২৮	[signature] ২৩/০৯/১৯
০২.	কাজী জেবুন্নেছা বেগম অতি: সচিব সদ: সচিব, P4D	P4D	01753422385	[signature] ২৩/০৯
০৩.	[illegible]	[illegible]	[illegible]	[signature]
০৪.	আমিনুল আরিফিন প্রকল্প ব্যবস্থাপক এসএসপিএস প্রোগ্রাম, ইউএনডিপি	SSPS	01787687034	[signature]
০৫.	মোঃ রেজাউল ইসলাম উপসচিব	মন্ত্রিপরিষদ বিভাগ	০১৭১৮৮৬৭২৩০	[signature]
০৬.	ড. শাহনাজ আরেফিন যুগ্মসচিব	ঐ	01733498407	[signature] 23.09.19
০৭.	মোঃ খলিলুর রহমান যুগ্ম সচিব	মন্ত্রিপরিষদ বিভাগ	01714-032646	[signature] 23.9.2019
০৮.	মোহাম্মদ খালেদ হাসান সামাজিক নিরাপত্তা বিশেষজ্ঞ (কনসালটেন্ট) SSPS Program	"	01716466947	[signature] ২৩/৯/২০১৯
০৯.	মোঃ মখলেছুর রহমান উপসচিব	P4D	01712653379	[signature] ২৩/৯/১৯

ক্রম	নাম ও পদবি	প্রকল্প/দপ্তর	ফোন নম্বর/মোবাইল নম্বর/ ই-মেইল	স্বাক্ষর
১০.	মোহাম্মদ কাহিদুল ইসলাম উপসচিব	SSPS ও UNICEF	০১৮১২-৪৩১৭৭২	[illegible]
১১.	চৌধুরী [illegible] উপসচিব ([illegible]) PNSSP	PNSSP, Cabinet Division	০১৭১২-৮৮১০৫৫ [illegible]131219 77@gmail.com	[illegible]
১২.	[illegible] সিদ্দিকী যুগ্মসচিব (প্রকল্প ও সমন্বয়)	সমন্বয়	৪১০৫০১২২৮ ০১৭১২৫০৬৩০৩১৮ js-pr@cabinet.gov.bd	[illegible]
১৩.	মুন্না রানী বিশ্বাস [illegible]	প্রকল্প বাস্তবায়ন [illegible]	০১৯১৬৪৮০৪৮০৭	[illegible]
১৪.				
১৫.				
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				